# ক্যাম্বেলটাউন বাংলা স্কুলের বিজয় দিবস ও ঈদ পূর্নমিলনী




গত ১৪ ই ডিসেম্বর, রোববার, ক্যাম্বেলটাউন বাংলা স্কুলের উদ্যোগে অনুষ্ঠিত হয় বিজয় দিবস ও ঈদ পূর্নমিলনী অনুষ্ঠান। মিন্টুস্থ গ্রান্জি পাবলিক স্কুল অডিটোরিয়ামে আয়োজিত এই অনুষ্ঠানে স্কুলের ছাত্র-ছাত্রী ও অভিভাবক সহ বিভিন্ন অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন। সংক্ষিপ্ত আলোচনা সভার মাধ্যমে স্কুলের পরিচালনা পর্ষদ ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন। আলোচনা সভায় বক্তব্য রাখেন স্কুলের প্রাক্তন সভাপতি, আবদুল জলিল, মাসুদ চৌধুরী, ড.মাহবুব, ও মঞ্জু তালুকদার। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন স্কুলের সভাপতি জনাব মোসলেম উদ্দিন মিঞা। সভা পরিচালনা করেন নাসরিন ও তালুকদার। ঈদ পূর্নমিলনী অনুষ্ঠানের বিশেষ আকর্ষন ছিল বিভিন্ন রকমের সুস্বাদু খাবার। পরে স্কুলের ছাত্র-ছাত্রীরা একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। সাংস্কৃতিক অনুষ্ঠানটি পরিচালনা করেন স্কুলের সাংস্কৃতিক সম্পাদক জনাব নাজমুল খান। উপস্থিত দর্শকবৃন্দ সাংস্কৃতিক অনুষ্ঠানটি উপভোগ করেন প্রানভরে।

